আলমডাঙ্গা রুইথনপুরে আর পি এল ক্রিকেট লিগের ফাইনাল খেলা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা থানার চিৎলা ইউনিয়নের রুইথনপুর স্কুল মাঠে এই লীগের আয়োজন করা হয়।

উক্ত খেলার ফাইনাল ম্যাচটি গতকাল অনুষ্ঠিত হয়েছিল।

উক্ত খেলায় যে দুটি দল অংশগ্রহণ করে লামিয়ার ট্রেডাস স্পোর্টিং ক্লাব ও বন্ধু স্পোর্টিং ক্লাব।

এই খেলায় লামিয়া ট্রেডার্স স্পোটিং ক্লাব ১৭ রানে বিজয়ী হয়।

উক্ত খেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলার আওয়ামী যুবলীগের কর্ণধর ও আহবায়ক জনাব নঈম হাসান জোয়াদ্দার।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক জনাব জিল্লুর রহমান জিল্লু। উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা কৃষকলীগের প্রচার সম্পাদক জনাব মহাসিন রেজা।

উপস্থিত ছিলেন চিৎলা ইউনিয়ন যুবলীগের আহ্বায়ক জনাব এন্তাজুল হক, ইউনিয়ন যুবলীগের যুগ্ন আহবায়ক জনাব রবিউল ইসলাম মল্লিক, মঞ্জুরুল ইসলাম মঞ্জু, শাহ আল ইমরান, হাসানুজ্জামান ছরোয়ার।

আরো উপস্থিত ছিলেন ওয়ার্ড আওয়ামী লীগের সদস্য শহিদুল ইসলাম, বুলবুল ইসলাম, নুরুল ইসলাম, আজিজুল হক, ইদু, আশাবুল প্রমুখ।

প্রধান অতিথি চ্যাম্পিয়ণ দলের হাতে প্রথম পুরস্কার তুলে দেন।

ও বিশেষ অতিথি রানার আপ টিমের হাতে দ্বিতীয় পুরস্কার তুলে দেয়।

উক্ত খেলায় সভাপতি করেন রবিউল ইসলাম মল্লিক। অনুষ্ঠানটি পরিচালনা করেন রোকন ও ডাবলু।

- চিৎলা প্রতিনিধি

আলমডাঙ্গায় ক্লিনিক মালিকসহ তিন জনের ৭ হাজার টাকা জরিমানা

আলমডাঙ্গায় ভ্রাম্যমান আদালতে ২ জনকে সরকারি জায়গা- ফুটপাত দখল করে ব্যাবসার করার অপরাধে ২ হাজার টাকা জরিমানা করেছে, এবং আলমডাঙ্গার একটি অবৈধ ক্লিনিক মালিক কে ৫ হাজার টাকা জরিমানা ও ক্লিনিক সিলগালা করে দিয়েছে।
গতকাল বেলা ১১টার দিকে আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলী স্থানীয় সরকার পৌর সভা আইনে আলমডাঙ্গা বাজারের মাছের বাজার, তহহাট, চালের বাজার, ফলের হাটে সরকারি জায়গা দখল করে ব্যাবসা করার কারনে জনদুর্ভোগের সৃষ্টি করার অপরাধে গত এক সপ্তাহ আগে নির্বাহী ম্যাজিষ্ট্রেট হিসেবে সরকারি জায়গা ছেড়ে দিতে সকলে আল্টিমেটাম দিয়ে আসে।
গতকাল এক সপ্তাহ শেষে অভিযান চালিয়ে ১৭ জনকে ২৫ হাজার টাকা জরিমানা করেছিল এবং বাকি ব্যাবসায়িদের ফুটপাত ও সরকারি দখলকৃত জায়াগা ছেড়ে দিতে বলে যান।
গতকাল উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলী সকাল ১০ টার দিকে বাজারে অভিযান চালান। এ সময় হলুদ পটির মীর ক্রোকারিজের মালিক সরকারি জায়গা ও ফুটপাত দখল করে ব্যাবসা করার অপরাধে স্থানীয় সরকার আইনে ভ্রাম্যমান আদালত বসিয়ে তাকে ২ হাজার টাকা জরিমানা করেন।
এ সময় উপস্থিত ছিলেন থানা অফিসার ইনচার্জ সৈয়দ আশিকুর রহমান, বনিক সমিতির সম্পাদক মীর শফিকুল ইসলাম প্রমুখ।
এ ছাড়াও বাজারে বিভিন্ন এলাকা পরিদর্শন করে সকলকে আবারও এক সপ্তাহ সময় দেন, এর মধ্যে সরকারি দখল কৃত জায়গা থেকে মালামাল সরিয়ে নিতে বলেন। বেলা ১১ টার দিকে হারদী সততা ক্লিনিকে অভিযান চালিয়ে তাদের কোন বৈধ কাগজ পত্র না থানায় ক্লিনিকের অপারেশন থিয়েটার সহ ক্লিনিক সিলগালা করে দেন, এবং ক্লিনিক মালিক কে ৫ হাজার টাকা জরিমানা করেন।

- আলমডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গায় মানবধিকার দিবস উদযাপন উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্টিত

আলমডাঙ্গায় মানবধিকার দিবস উদযাপন উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্টিত হয়েছে।
গতকাল সকাল ১০ টার দিকে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র্যালী শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ হলরুমে আলোচনা সভা অনুষ্টিত হয়েছে।

সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, মুক্তিযোদ্ধা আলহাজ্ব শেখ নুরমোহাম্মদ জকু, প্রাণী সম্পদ কর্মকর্তা ডা. আব্দুল্লাহিল কাফি।

উপজেলা সমাজ সেবা কর্মকর্তা আফাজ উদ্দিনের উপস্থাপনায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল বারী, নির্বাচন অফিসার এমএজি মোস্তফা ফেরদৌস, যুব উন্নয়ন কর্মকর্তা আনিসুর রহমান, মহিলা বিষয়ক কর্মকর্তা মাকসুরা জান্নাত, বিআরডিবি কর্মকর্তা শায়লা সারমিন, সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক রবিউল ইসলাম খান, খাদ্য কর্মকর্তা মোফাখাইরুল ইসলাম, খাদ্যপরিদর্শক রাকিবুল ইসলাম, প্রকল্প কর্মকর্তা এনামুল হক, শান্তনা খাতুন, প্রশাসনিক কর্মকর্তা মাহাতাব উদ্দিন প্রমুখ।

- আলমডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গায় ফুটপাত দখলের অপরাধে ১৭ জনকে ২৫ হাজার টাকা জরিমানা

আলমডাঙ্গায় ভ্রাম্যমান আদালতে ১৭ জনের কাছ থেকে ২৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে। সরকারি জায়গা-ফুটপাত দখল করে ব্যাবসার করার অপরাধে এ জরিমানা করা হয়।

গতকাল বেলা ১১টার দিকে আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার মোঃ লিটন আলী স্থানীয় সরকার পৌর সভা আইনে আলমডাঙ্গা বাজারের মাছের বাজার,তহহাট,চালের বাজার,ফলের হাটে সরকারি জায়গা দখল করে ব্যাবসা করার কারনে জনদুর্ভোগের সৃষ্টি হচ্ছে।

গত এক সপ্তাহ আগে নির্বাহী ম্যাজিষ্ট্রেট সরকারি জায়গা ছেড়ে দিতে সকলে আল্টিমেটাম দিয়ে আসে।গতকাল এক সপ্তাহ শেষ হলে আকস্মিক নির্বাহী ম্যাজিট্রেট মোঃ লিটন আলী,এস আই জিয়া সঙ্গিয় ফোর্স সহ মাছ বাজারে ঢুকে ভ্রাম্যমান আদালত বসিয়ে মাছ ব্যাবসায়ি আব্দুল মজিদকে ৫ শত টাকা ও ফুটপাতে থাকা ইলিশ মাছ,

শহিদ ফকির ৫ শত টাকা ও জিয়েল, চ্যাং মাছ,আব্দুর রহিম ৫ শত টাকা ও ইলিশ মাছ,হাসিবুল হক শাবুকে ৫ শত টাকা ও ইলিশ মাছ,নওলা মাছ,চালের হাটে চাল ব্যাবসায়ি জাহিদুল ২হাজার টাকা ও চালের বস্তা,সেলিম ২ হাজার টাকা,

ফলের দোকানে রবিউল কে ৫ শত টাকা,রাজ্জাক কে ৫ শত টাকা,ও ফলের কার্টুন,মুদি দোকানে লাল মোহাম্মদকে ২ হাজার টাকা,রাহাতকে ২ হাজার টাকা,জুয়েল কে ২ হাজার টাকা,রেজাকে ২ হাজার টাকা,হাসানকে ২ হাজার টাকা,

কাঁচা বাজার মসজিদ মার্কেটের জহুরুল কে ২ হাজার টাকা,বাবুল কে ২ হাজার টাকা,তোফাজ্জেল কে ২ হাজার টাকা,সুবলকে ২ হাজার টাকা মোট ২৫ হাজার টাকা জরিমানা করে।

জব্দকৃত মাছ,চাল,আটা,ফল সব কিছু আলমডাঙ্গার ৮ এতিম খানার এতিমদের মাঝে বিলিয়ে দেওয়া হয়েছে।

- আলমডাঙ্গা প্রতিনিধি

মেহেরপুর চুয়াডাঙ্গা সহ বিভিন্ন স্থানে দুর্নীতি বিরোধী দিবস পালিত

গণস্বাক্ষর অভিযান, মানববন্ধন এবং আলোচনা সভার মধ্য দিয়ে মেহেরপুরে দুর্নীতি বিরোধী দিবস পালিত হয়েছে।

মেহেরপুর জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির উদ্যোগে গতকাল সোমবার এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।
মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর সামনে অনুষ্ঠিত মানববন্ধন অনুষ্ঠানে বক্তব্য রাখেন জেলা প্রশাসক মো: আতাউল গনি, মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসূল, উপজেলা নির্বাহী অফিসার মো: মাসুদুল আলম, জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি আব্দুর রাজ্জাক খান, সাধারণ সম্পাদক মোশাররফ হোসেন, সদস্য নুরুল আহমেদ প্রমুখ।

এর আগে সকালে জেলা প্রশাসকের কক্ষে জেলা প্রশাসক মো: আতাউল গনি গণস্বাক্ষর করে দুর্নীতিবিরোধী অভিযান এর সূচনা করেন।

এসময় অতিরিক্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মো: ইবাদত হোসেন, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মো: তৌফিক রহমান জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সাধারণ সম্পাদক মোশাররফ হোসেন সহ দুর্নীতি প্রতিরোধ কমিটির সদস্য বৃন্দ বিভিন্ন অফিসের কর্মকর্তা কর্মচারীগণ মানববন্ধনে অংশগ্রহণ করেন।

গাংনী প্রতিনিধি জানান, মেহেরপুরের গাংনী উপজেলা প্রশাসন ও দুর্নীতি প্রতিরোধ কমিটির আয়োজনে আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস পালিত হয়েছে।

দিবসটি উপলক্ষে গতকাল সোমবার সকালে উপজেলা পরিষদের সামনে এক মানব বন্ধন অনুষ্ঠিত হয়।
মানব বন্ধন শেষে উপজেলা পরিষদের সভা কক্ষে আলোচনা সভায় প্রধান

অতিথির বক্তব্য রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি ও সন্ধানী সংস্থার নির্বাহী পরিচালক মহাম্মদ আবু জাফর এর সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন ভূমি কর্মকর্তা মো: ইয়ানুর রহমান, গাংনী থানার ভার-প্রাপ্ত কর্মকর্তা (ওসি তদন্ত) সাজেদুর রহমান, মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমীন, জেলা আওয়ামী লীগের মহিলা বিষয়ক সম্পাদিকা নুরজাহান বেগম, উপজেলা যুবলীগের সভাপতি মো: মোশাররফ হোসেন, আওয়ামী লীগ নেতা মনিরুজ্জামান আতু প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক বলেন, দুর্নীতি একটা দেশকে পিছিয়ে দেয়। তাই আমাদের সকলকে দুর্নীতি বিরুদ্ধে কঠোর অবস্থান নিতে হবে। তিনি বলেন দুর্নীতি যদি আমিও করি আপনারা আমাকে ধরবেন আমি আপনাদের স্বাগত জানাব। জননেত্রী শেখ হাসিনা আমাদের দেশকে অনেক উন্নয়নের দিকে নিয়ে গেছে। আর এটা একমাত্র দুর্নীতির বিরোধী অবস্থান নেওয়ার কারণে হয়েছে।

আলোচনা সভায় উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি মহাম্মদ আবু জাফর বলেন, আগে নিজে সঠিক হোন দেখবেন দেশটা এমনিতেই ঠিক হয়ে গেছে দুর্নীতি মুক্ত হয়ে গেছে এবং দেশ উন্নয়নের দিকে চলে যাচ্ছে। তিনি আহŸ◌ান করেন বর্তমান সরকার বড় বড় রাঘব বোয়ালদেরও ছাড় দিচ্ছেনা তাইতো আমাদের বাংলাদেশ আগের চাইতে অনেক উন্নয়ন লাভ করেছে।

এ সময় উপজেলার বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক কর্মকর্তা, সাংবাদিক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।
মুজিবনগর অফিস জানিয়েছে, “আমরা দুর্নীতির বিরুদ্ধে একাত্মবদ্ধ” এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে মুজিবনগরে আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস উপলক্ষে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার সকাল দশটার দিকে উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলার গেটের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

উক্ত মানববন্ধনে উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ আব্দুল হাশেম, ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাজুল ইসলাম, তথ্যসেবা কর্মকর্তা তানিয়া খন্দকার, মুজিবনগর

প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্স, মুজিবনগর উপজেলার দুর্নীতি বিরোধী কমিটির সাধারণ সম্পাদক বাকের আলী প্রমুখ অংশ নেন।

চুয়াডাঙ্গা প্রতিনিধি জানান, শোভাযাত্রা ও আলোচনা সভার মধ্য দিয়ে চুয়াডাঙ্গায় আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস পালিত হয়েছে।

গতকাল সোমবার সকালে চুয়াডাঙ্গা কালেক্টরেট থেকে শোভাযাত্রা বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে।

এতে নেতৃত্ব দেন জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা দুর্নীতি দমন কমিটির সভাপতি অধ্যাপক সিদ্দিকুর রহমান।
প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার।

বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার মো. কলিমুল্লাহ ও পৌর মেয়র ওবাইদুর রহমান চৌধুরী জিপু।

আলমডাঙ্গা প্রতিনিধি জানান, আলমডাঙ্গা উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির উদ্যোগ আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস পালিত হয়েছে।

গতকাল সকাল সাড়ে ১০ টার দিকে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি দুর্নীতি বিরোধী র্যালী শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে আলমডাঙ্গা বালিকা বিদ্যালয়ের হলরুমে সভা অনুষ্টিত হয়।
সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মো: লিটন আলী।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন। তিনি বলেন সমাজ থেকে দুর্নীতি রোধ করতে হলে আমাদের নিজেদের আগে সৎ হতে হবে, কেন দুর্নীতির সাথে আপোষ করা যাবে না। কোন দুর্নীতি বাজদের সহায়তা করা যাবেনা। আজ সকলে শপথ নেন নিজে দুর্নীতি করব না, অন্যকে দুর্নীতি করতে দেব না।

সভায় বিশেষ অতিথি ছিলেন, ভাইস চেয়ারম্যান অ্যাড. সালমুন আহম্মেদ ডন, মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল বারী, উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা, যুব উন্নয়ন কর্মকর্তা আনিসুর রহমান, প্রধান শিক্ষক রবিউল ইসলাম খান, মনিরুজ্জামান।

স্বাগত বক্তব্য রাখেন দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি সহকারী প্রধান শিক্ষক আনিসুজ্জান। দুর্নীতি প্রতিরোধ কমিটির সিনিয়র সহ

সভাপতি ও প্রেসক্লাব সভাপতি খন্দকার শাহ আলম মন্টুুর উপস্থাপনায় বক্তব্য রাখেন উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সহ সভাপতি মুক্তিযোদ্ধা ওয়াজেদ আলী, সদস্য সাইদ মো: হিরন, ডাক্তার সামসুজ্জোহা শাবু শিক্ষক আলী কদর প্রমুখ।

- প্রতিদিন ডেস্ক

মেহেরপুর চুয়াডাঙ্গা সহ বিভিন্ন স্থানে বেগম রোকেয়া দিবস পালিত

বর্ণাঢ্য শোভাযাত্রা, জয়িতাদের সংবর্ধনা এবং আলোচনা সভার মধ্য দিয়ে মেহেরপুরে নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ও বেগম রোকেয়া দিবস পালিত হয়েছে।

গতকাল সোমবার সকালে মেহেরপুর জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর অনুষ্ঠানের আয়োজন করে।
জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক একেএম শফিউল আযমের সভাপতিত্বে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীতে অনুষ্ঠিত জয়িতাদের সংবর্ধনা ও আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মো: আতাউল গনি।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসূল, সিভিল সার্জন ডাক্তার শামীম আরা নাজনীন, মেহেরপুর জেলা জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান শামীম আরা হিরা, জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি আব্দুর রাজ্জাক খান, সাধারণ সম্পাদক মোশাররফ হোসেন, কবি নজরুল শিক্ষা মন্দিরের প্রধান শিক্ষক সানজিদা ইসলাম।

মীর দানিয়েল হোসেন ও সুবর্ণা মাহজাবীনের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন জয়িতা এলিজাবেথ খান, যমুনা খাতুন প্রমুখ।

পরে মেহেরপুর জেলা পর্যায়ে ৫ জন এবং সদর উপজেলা পর্যায়ে ৫ জন

জয়িতাকে ক্রেস্ট প্রদান করা হয়।
এতে জেলা পর্যায়ে অর্থনৈতিকভাবে সাফল্য অর্জনকারী মেহেরপুর সদর উপজেলার যাদবপুর গ্রামের মমতাজ খাতুন, শিক্ষা ও চাকুরী ক্ষেত্রে সাফল্য অর্জনকারী গাংনীর পূর্ব মালশাদহের আশরাফুন্নেসা, সফল জননী গাংনী কাজিপুর গ্রামের পারভিন আক্তার, নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যমে জীবন শুরু করা বা মন্দির রেহেনা খাতুন, এবং সমাজ উন্নয়নে অসামান্য অবদান রাখায় মুজিবনগরের ভবেরপাড়া এলিজাবেখ খা কে ক্রেস্ট প্রদান করা হয়।

একই সাথে মেহেরপুর সদর উপজেলা পর্যায়ে মমতাজ খাতুন, নাজমুন্নেসা, আনোয়ারা খাতুন, রেহেনা খাতুন এবং নুরুন্নাহার কে ক্রেস্ট প্রদান করা হয়।
এর আগে বেগম রোকেয়া দিবস উপলক্ষে সকালে বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়। জেলা প্রশাসক মো: আতাউল গনির নেতৃত্বে জেলা প্রশাসক চত্বর থেকে শুরু করে প্রধান সড়ক হয়ে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী এসে শোভাযাত্রাটি শেষ হয়।

শোভাযাত্রা অন্যদের মধ্যে জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক এস এম শফিউল আজম সহ বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনী প্রতিনিধি জানান, বেগম রোকেয়া দিবস ও আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ উদযাপন উপলক্ষে মেহেরপুরের গাংনীতে জয়িতাদের সংবর্ধনা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।
গতকাল সোমবার সকাল ১০টার দিকে দিবসটি উপলক্ষে আলোচনা সভা শুরুর আগে মানব বন্ধন করেছে অনুষ্ঠানটির আয়োজক উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়।

পরে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

উপজেলা ভূমি কর্মকর্তা ইয়ানুর রহমানের সভাপতিত্বে ও মহিলা বিষযক কর্মকর্তা নাসিমা খাতুনের সঞ্চালনায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী থানার ভার প্রাপ্ত কর্মকর্তা (ওসি তদন্ত) সাজেদুর রহমান, মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমীন, জেলা আওয়ামী লীগের মহিলা বিষয়ক সম্পাদিকা নুরজাহান বেগম, উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি ও সন্ধানী সংস্থার নির্বাহি পরিচালক মহাম্মদ আবু জাফর, উপজেলা যুবলীগের সভাপতি মো: মোশাররফ হোসেন প্রমুখ।

আলোচনা শেষে পাঁচজন জয়িতা এ উপজেলার চিৎলা গ্রামের মো: গোলাম ফারুকের স্ত্রী মোছা: লূৎফন্নাহার শিল্পী, পূর্ব মালসাদহ গ্রামের মিজানুর রহমানের স্ত্রী মোছা: আশরাফুন্নেছা, কাজিপুর গ্রামের কাজি আব্দুর রাজ্জাকের স্ত্রী মোছা: পারভীন আকতার, বামন্দী গ্রামের মৃত আব্দাল মজিদের স্ত্রী মোছা: রেহেনা খাতুন ও নিত্যানন্দপুর গ্রামের বেঞ্জামিন বিশ্বাসের স্ত্রী মিসেস যুথিকা বিশ্বাস এই পাঁচ জনের হাতে পুরষ্কার তুলে দেন প্রধান অতিথি এম এ খালেক।

মুজিবনগর অফিস জানিয়েছে, মুজিবনগরে র্যালী ও আলোচনা সভার মধ্য দিয়ে বেগম রোকেয়া দিবস পালিত হয়েছে।

গতকাল সোমবার সকাল এগারোটার দিকে উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের আয়োজনে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র্যালী বের করা হয়।
উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাসের নেতৃত্বে র্যালীটি শহরের মেন মেন সড়ক প্রদক্ষিণ করে পুনরায় পরিষদ চত্বরে এসে শেষ হয়।

উক্ত র্যালীতে উপজেলা নির্বাহী অফিসার (ভাঃপ্রাঃ) এম.এম আরাফাত হোসেন, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ আব্দুল হাশেম, ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান, সমাজসেবা অফিসার আব্দুর রব, তথ্যসেবা কর্মকর্তা তানিয়া খন্দকার, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্সসহ উপজেলার সকল কর্মকর্তারা অংশ নেন।

র্যালী শেষে উপজেলা নির্বাহী অফিসার (ভাঃপ্রাঃ) এম.এম আরাফাত হোসেনের সভপতিত্বে পরিষদ মিলনয়াতনে বেগম রোকেয়া দিবসের আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
উক্ত আলোচনা সভায় বেগম রোকেয়া দিবসের তাৎপর্য তুলে ধরে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাজুল ইসলাম।

আলমডাঙ্গা প্রতিনিধি জানান, আলমডাঙ্গা উপজেলা প্রশাসন ও বিষয়ক অফিসের উদ্যোগে আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ ও বেগম রোকেয়া দিবস পালিত হয়েছে।

গতকাল সকাল ১০ টার দিকে উপজেলা পরিষদ চত্তর থেকে একটি র্যালি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে আলমডাঙ্গা বালিকা বিদ্যালয়ের হলরুমে সভা অনুষ্টিত হয়।

সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মো: লিটন আলী।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন। তিনি বলেন বেগম রোকেয়া নারী জাগরণের পথিকৃত, তিনি নরীদের সুশিক্ষায় শিক্ষিত করে গড়ে তুলতে আজীবন সংগ্রাম করেছেন, মুসলিম সমভ্রান্ত পরিবারে জন্ম নিয়েও বেগম রোকেয়া সব বাধা উপেক্ষা করে নারীদের জন্য কাজ করে গেছেন।

সভায় ৫ জন নারীকে জয়িতা পুরস্কার প্রদান করেন প্রধান অতিথি। এরা হল, জেহালা ইউনিয়নের রোয়াকুলি গ্রামের ছাহেরা খাতুন, আলমডাঙ্গা পুরাতন বাজারের অর্পনা রানী সাহা, ডাউকি ইউনিয়নের বক্সিপুর গ্রামের শ্রীমতি রিতা রানী দত্ত, হাটবোয়ালিয়া গ্রামের ছালমা খাতুন খাতুন, কালিদাশপুর গ্রামের রেহানা খাতুন। প্রত্যেক কে ক্রেষ্ট প্রদান করা হয়েছে।

সভায় বিশেষ অতিথি ছিলেন, ভাইস চেয়ারম্যান অ্যাড. সালমুন আহম্মেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা।

কলেজিয়েট স্কুলের উপাধক্ষ শামিম রেজার উপস্থাপনায় স্বাগত বক্তব্য রাখেন মহিলা বিষয়ক কর্মকর্তা মাকসুরা জান্নাত।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, বিআরডিবি কর্মকর্তা সায়লা সারমিন, আইসিটি কর্মকর্তা সিন্ধা দাস, ফাতেমা আক্তার, ছালমা খাতুন প্রমুখ।

- প্রতিদিন ডেস্ক

আলমডাঙ্গায় জলাতঙ্ক রোগ বিষয়ে অবহিতকরন সভা

আলমডাঙ্গা হারদী উপজেলা স্বাস্থ কমপ্লেক্স হারদীতে জলাতঙ্ক রোগ বিষয়ে অবহিতকরন সভা অনুষ্টিত হয়েছে।গতকাল সকাল ১০ টার দিকে হারদী হাসপাতেলর হলরুমে সভায় সভাপতিত্বে করেন,উপজেলা স্বাস্থ

প,প,কর্মকর্তা ডাঃ হাদী জিয়াউদ্দিন আহম্মদ। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা পৌর মেয়র হাসান কাদীর গনু। তিনি বলেন জলাতঙ্ক রোগের কোন ঔষধ পৃথীবিতে আবিস্কার হয়নি। তবে জলাতঙ্ক রোগ সম্পর্কে জনগনকে সচেতন করা অতিব জরুরি,আমরা সরকারি ভাবে পৌর সভার মাধ্যমে কুকুর নিধন অভিযান চালিয়ে প্রতিবছর শতাধিক কুকুর মারা হয়ে থাকে। তবে এখন পরিবেশ বিদগন কুকুর নিধনের বিরোধিতা করায়,আমরা আগে মানুষকে ভ্যাকক্সিন দিতাম,এখন কুকুরকে ভ্যাক্সিন দিচ্ছি।তিনি আরো বলেন আমরা ২০২২ সালের মধ্যে দেশ থেকে জলাতঙ্ক রোগ নির্মুল করব। সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, উপজেলা ইউপি চেয়ারম্যান সমিতির সভাপতি কাউছার আহম্মেদ বাললু,ডাঃ সজিব,ডাঃ নাশরিন আক্তার। সিডিসি মহাখালি ঢাকার এমডিভি সুপার ভাইজার কে এম তাহমিদের উপস্থাপনায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন,ইউপি চেয়ারম্যান সমিতির সম্পাদক নুরুল ইসলাম নুরু,উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তা ডাঃআব্দুল্লাহিল কাফি,উপজেলা শিক্ষা কর্মকর্তা শামসুজ্জোহা,ইউপি চেয়ারম্যান মোস্তাফিজুর রহমান রুন্নু,আবু সাইদ পিন্টু,আবুল কালাম আজাদ,আব্দুস সালাম বিল্পব,প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু,সম্পাদক হামিদুল ইসলাম আজম,প্রধান শিক্ষক আলহাজ্ব রাকিবুস সালেহীন,পৌর সভার কন্জারভেন্সি ইনস্পেক্টর আসাদুল ইসলাম প্রমুখ।

আলমডাঙ্গা প্রতিনিধি:

এসবি’র প্রধান মীর শহিদুল ইসলামের সাথে গণমাধ্যম কর্মী ও সুধী সমাজের মতবিনিময়

আকাশে আবছা আবছা মেঘের আনাগোনায় ৬ ডিসেম্বর সারাদিন বড্ড নিরুত্তাপ ছিল। কিন্তু সন্ধ্যেটা ছিল অন্যরকম। অন্য এক মেধাবি আলোয় আর সফলতার ঝলকানিতে অত্যুজ্জ্বল হয়ে উঠেছিল আলমডাঙ্গার বন্ধু সংগঠন মোহনার অফিসকক্ষ।

মোহনার অফিসকক্ষে উপস্থিত হয়েছিলেন আলমডাঙ্গার কৃতি সন্তান এসবি’র (স্পেশাল ব্র্যাঞ্চ) প্রধান বাংলাদেশ পুলিশের অতিরিক্ত মহাপরিচালক মীর শহিদুল ইসলাম। এলাকার সুধীজন ও আলমডাঙ্গায় কর্মরত গণমাধ্যম কর্মিদের তাঁর সাথে খোলামেলা মতবিনিময় অনুষ্ঠিত হয়।

এলাকার কৃতি এ সন্তানের স্বাচ্ছন্দে নিজেকে মেলা ধরা, খোলামেলা কথাবার্তা, দিলখোলা আচরণ সকলকে মুগ্ধতায় আবিষ্ট করে রেখেছিলেন। এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন অধুনালুপ্ত আলমডাঙ্গা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আব্দুল ওহাব মিয়া, সাবেক উপজেলা চেয়ারম্যান হেলাল উদ্দিন, মোহনার সাধারণ সম্পাদক শামসুজ্জোহা সাবু মিয়া, প্রবাসি মিজানুর রহমান মিজু, আলমডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম আজম, সিনিয়র সহসভাপতি রহমান মুকুল, যুগ্ন সম্পাদক প্রশান্ত বিশ্বাস,

বাড়াদী ইউনিয়নের সাবেক চেয়ারম্যান মনিরুজ্জামান, জেলা আওয়ামী লীগ নেতা শাহ আলম, আলমডাঙ্গা পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন, ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি রেজাউল হক তবা, সাংবাদিক শরিফুল ইসলাম রোকন, আলমডাঙ্গা সরকারি কলেজের প্রভাষক জামাল হোসেন, আবুল কালাম আজাদ, রবিউল ইসলাম,আব্দুল খালেক, মিজানুর রহমান মুকিত, ফারুক আলম টুটুল, হেফজুল কাদের, তৌহিদুল ইসলাম, ফজলুর রহমান, আব্দুল কাদের প্রমুখ।

এ সময় বাংলাদেশ পুলিশের অন্যতম শীর্ষ কর্মকর্তা মীর শহিদুল ইসলাম সকলের খোঁজ খবর নেন, বন্ধু ও পরিচিতদের খবরা খবর নেন।

তিনি বলেন, আমি ও শফিকুল দুজনই বাংলাদেশ পুলিশের গুরুত্বপূর্ণ পদে আছি। আমাদের দিয়ে যদি এলাকার কোন উন্নয়নমূলক কাজ হয়, তবে অবশ্যই সে কাজ করতে চেষ্টা করব। তবে আমাদের দিয়ে করিয়ে নিতে হবে। কারণ আমরা খুবই ব্যস্ত থাকি। তবুও নিজ এলাকার জন্য কিছু করতে পারলে ভাল লাগবে। এছাড়া তিনি ব্যক্তিগত ও এলাকার নানা সমস্যা এবং সমাধান নিয়ে আলোচনা করেন। বিভিন্ন দেশ ভ্রমণে নিজের অভিজ্ঞতা ও সেখানকার প্রাকৃতিক সৌন্দর্য্যরে বর্ণনা দেন।

তারপরও হেমন্তের সন্ধ্যার মত রহস্যাবৃত থেকে গেলেন তিনি। হয়তো অন্য আরেক সন্ধ্যায় নিজেকে সবটুকু মেলে ধরবেন এলাকার মানুষের নিকট।

- আলমডাঙ্গা প্রতিনিধি

চিৎলায় আলমডাঙ্গা পৌর আওয়ামী লীগের নবনির্বাচিত সভাপতি ও সেক্রেটারি কে সংবর্ধনা

গতকাল শুক্রবার বেলা ৩ ঘটিকার সময় চিৎলা ইউনিয়নের রুইথনপুর সাধুহাটি মোড়ে এই অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানটি চিৎলা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শাহ্ বাতেনের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক জনাব ইয়াকুব আলী মাস্টার।

উপস্থিত ছিলেন বিশেষ অতিথি হিসেবে মুক্তিযোদ্ধা নুরুজ্জামান লাল্টু। উপস্থিত ছিলেন সম্বর্ধনা অতিথি আলমডাঙ্গা পৌর আওয়ামী লীগের সভাপতি জনাব দেলোয়ার হোসেন ও সাধারণ সম্পাদক জনাব মতিয়ার রহমান (ফারুক)।

আরো উপস্থিত ছিলেন নয়ন সরকার আলমডাঙ্গা পৌর ছাত্রলীগের সভাপতি খাইরুল ইসলাম, যুগ্ন-সম্পাদক চিৎলা ইউনিয়ন জমির, মন্টু, দেলোয়ার হোসেন দীপু, শমসের মন্ডল, মোজাম, বেল্টু, শামীমা আক্তার, শামসুদ্দিন মল্লিক, আরজান সদ্দার, মতিয়ার রহমান, সোহেল শাহ প্রমুখ।

উক্ত অনুষ্ঠানে চিৎলা ইউনিয়ন আওয়ামী লীগের পক্ষ থেকে আলমডাঙ্গা পৌর আওয়ামী লীগের সভাপতি ও সেক্রেটারি কে ফুলের মালা ও ফুল দিয়ে বরণ করে নেয়া হয়। অনুষ্ঠানটি পরিচালনা করেন চিৎলা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোজাম্মেল হক।

- চিৎলা প্রতিনিধি

আলমডাঙ্গা বাজারে ফুটপথ অবমুক্ত করার নির্দেশ

আলমডাঙ্গা পৌর শহরের তহবাজার, ফলপট্টি ও মাছ-মাংস বাজারে ফুটপথ দখল করে যারা ব্যবসা করছেন তাদেরকে সতর্ক করলেন উপজেলা নির্বাহি অফিসার।

গতকাল ৩ ডিসেম্বর উপজেলা নির্বাহি অফিসার লিটন আলী ব্যবসা প্রতিষ্ঠানের ফুটপথ পর্যন্ত সম্প্রসারণ করা অংশ আগামি ৭ দিনের মধ্যে সরিয়ে নিতে এ নির্দেশ দেন।

একই সাথে ধাড়ি ও খাসি ছাগলের মাংস পৃথকভাবে বিক্রির নির্দেশ দেন। তাছাড়া প্রত্যেক ব্যবসা প্রতিষ্ঠানে পণ্যের মূল্য তালিকা ঝুলিয়ে দিতে নির্দেশ দিয়েছেন।

এ সময় তার সাথে ছিলেন, সহকারী কমিশনার (ভূমি) সীমা শারমিন, আলমডাঙ্গা থানা অফিসার ইনচার্জ সৈয়দ আশিকুর রহমান, আলমডাঙ্গা বণিক সমিতির সাধারণ সম্পাদক মীর শফিক, এসআই জিয়া প্রমুখ।

উল্লেখ্য, আলমডাঙ্গা বাজারের তহবাজার, ফলপট্টি, মাছ ও মাংস বাজারের ব্যবসায়িদের অধিকাংশ তাদের ব্যবসা প্রতিষ্ঠান ফুটপথের উপর পর্যন্ত, কোথাও কোথাও রাস্তার মাঝ পর্যন্ত সম্প্রসারিত করে নিয়েছে।

ফলে চলাচলকারি সাধারণ মানুষের দুর্ভোগের সীমা থাকে না। এই অসুবিধা দূর করতেই উপজেলা প্রশাসনের পক্ষ থেকে এ নির্দেশনা দেওয়া হয়েছে।

- আলমডাঙ্গা প্রতিনিধি